দৈনিক সংবাদ

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ...

24 2002

# প্রতিমন্ত্রী অনুষ্ঠান স্থলে গিয়ে দেখেন আয়োজকরা নেই

নিজস্ব বার্তা পরিবেশক : পূর্বনির্ধারিত কর্মসূচি থাকা সত্ত্বেও শিক্ষক ও কর্মকর্তাদের গাফিলতির জন্য রোববার খুলনায় পলিটেকনিক ইনস্টিটিউট ভবন উদ্বোধন করতে পারেননি শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন।

জানা গেছে, পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী গতকাল শিক্ষা প্রতিমন্ত্রী কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং প্রকল্প পরিচালককে নিয়ে খুলনায় যান। সেখানে বিকেল ৩টায় ইনস্টিটিউটের অডিটোরিয়ামে এ উদ্বোধনী অনুষ্ঠান হওয়ার কথা ছিল; কিন্তু অডিটোরিয়ামে গিয়ে তিনি দেখতে পান অনুষ্ঠানস্থল অন্ধকার এবং কোন আয়োজনও নেই। এছাড়া ইনস্টিটিউটের ৫০ জন শিক্ষকের মধ্যে ১৩ জন অনুপস্থিত। অনুষ্ঠান শুরু করার জন্য পরিবেশ সেখানে ছিল না। এ সময় তার সঙ্গে উপস্থিত জাতীয় সংসদের হুইপ আশরাফ হোসেনসহ সবাই বিব্রতবোধ করেন। পরে শিক্ষা প্রতিমন্ত্রী অনুষ্ঠান বাতিল ঘোষণা করেন এবং ১৩ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

শিক্ষা প্রতিমন্ত্রী গতকাল সকালে খুলনা পৌঁছে সকাল ৯টায় বিশ্ব সাহিত্য কেন্দ্র ও শিশু চিত্ত বিনোদন কেন্দ্রের মৌসুমি প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। পরে তিনি খুলনা সরকারি মহিলা কলেজ পরিদর্শনশেষে বিকেল ৩টায় পলিটেকনিক ইনস্টিটিউট ভবন উদ্বোধন করতে যান বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।